দৈনিক সংবাদ

তারিখ ............
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৪ ......

# রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বিক্ষোভ উপদেষ্টাকে চরমপত্র

**রাজশাহী থেকে নিজস্ব বার্তা পরিবেশক :** জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দূর্গাদাস ভট্টাচার্যকে তার পদ থেকে সরিয়ে দেয়ার প্রতিবাদে রোববার রাতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষক ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করেন। তারা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নিয়ে দূর্গাদাসকে সরানোর সিদ্ধান্তের প্রতিবাদ জানান।

আজ সোমবার সকাল ১০টায় তত্ত্বাবধায়ক সরকারের শিক্ষা বিষয়ক উপদেষ্টা এএসএম শাহজাহান রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কৃতি ছাত্রছাত্রীদের পদক বিতরণ অনুষ্ঠানে যোগ দেয়ার কথা। প্রতিবাদকারী শিক্ষকরা ওই অনুষ্ঠান বর্জন ও কালো

চরমপত্র : পৃঃ ২ কঃ ৬

**চরমপত্র : উপদেষ্টাকে**

( ১ম পৃষ্ঠার পর )

পতাকা প্রদর্শনের হুমকি দিয়েছেন। বিক্ষুব্ধ শিক্ষকরা উপদেষ্টাকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে না আসার জন্য বলেছেন। তারা জানিয়েছেন, শিক্ষকদের আহ্বান উপেক্ষা করে তিনি রাজশাহীতে এলে উদ্ভূত পরিস্থিতির জন্য তারা দায়ী থাকবেন না। এ রিপোর্ট লেখা পর্যন্ত রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছিল।